

# 🗏 আল-মা'আরিজ | Al-Ma'arij | ٱلْمَعَارِج

আয়াতঃ ৭০: ৩৩

## আরবি মূল আয়াত:

# وَ الَّذِينَ هُم بِشَهَدْتِهِم قَآئِمُونَ ﴿٣٣﴾

#### 

আর যারা তাদের সাক্ষ্যদানে অটল, — আল-বায়ান

যারা তাদের সাক্ষ্যদানে (সত্যতার উপর) সুপ্রতিষ্ঠিত, — তাইসিরুল

আর যারা তাদের সাক্ষ্য দানে অটল, — মুজিবুর রহমান

And those who are in their testimonies upright — Sahih International

#### ৩৩. আর যারা তাদের সাক্ষ্যসমূহে অটল(১),

(১) অর্থাৎ, তারা যা জানে তাই সাক্ষ্য দেয়, কোন প্রকার পরিবর্ধন-পরিমার্জন বা পরিবর্তন ব্যতীত সাক্ষ্য দেয়; আর এ সাক্ষ্য দানের মাধ্যমে আল্লাহর সম্ভুষ্টি অর্জন থাকে তার লক্ষ্য। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

### (৩৩) আর যারা তাদের সাক্ষ্য দানে অটল। [1]

[1] অর্থাৎ, তারা সাক্ষ্য সঠিকভাবে প্রদান করে, যদিও এতে (সঠিক সাক্ষ্যদানে) তার কোন নিকটাত্মীয় ক্ষতিগ্রস্ত হয় তবুও। এ ছাড়া তারা (কোন স্বার্থে) সাক্ষ্য গোপনও করে না এবং তাতে কোন পরিবর্তনও করে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5408

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন